

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে। আগামী ১৪ জুন থেকে পরীক্ষা শুরু হবে। আবেদন শুরু হচ্ছে ৭ মার্চ থেকে।

গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের শহীদ সৈয়দ নজরুল ইসলাম প্রশাসন ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত ভর্তি উপকমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সভায় উপাচার্য অধ্যাপক এম আব্দুস সোবহান সভাপতিত্ব করেন।

জনসংযোগ দপ্তর থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ১৪ জুন 'সি' ইউনিট, ১৫ জুন 'এ' ইউনিট ও ১৬ জুন 'বি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিদিন তিন শিফটে পরীক্ষা হবে। প্রথম শিফট সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টা; দ্বিতীয় শিফট দুপুর ১২টা থেকে ১টা এবং শেষ শিফটে বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত পরীক্ষা নেওয়া হবে।

ভর্তির জন্য অনলাইনে প্রাথমিক আবেদন ৭ মার্চ দুপুর ১২টা থেকে ১৮ মার্চ রাত ১২টা পর্যন্ত নেওয়া হবে। প্রাথমিক আবেদন বাছাই শেষে ২৩ মার্চ দুপুর ১২টা থেকে ৩১ মার্চ রাত ১২টা পর্যন্ত চূড়ান্ত আবেদন করা যাবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।